



## পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

মুর্শিদাবাদ জেলা শাখা

বিজ্ঞান অভী(১) ২০২৪

সময় : ১ ঘ. ৪০ মি.

ষষ্ঠ শ্রেণি

পূর্ণমান - ১০০

নাম / Name .....

### OMR উত্তরপত্র নির্ভুল ভাবে পূরণ করার নির্দেশিকা

- ১) এই শিট ঠিকভাবে পূরণ করা খুব দরকার। কারণ এটাই উত্তরপত্র। এটাই জমা নেওয়া হবে। প্রশ্নপত্র জমা নেওয়া হবে না। ছাত্রছাত্রীরা প্রশ্নপত্র বাড়ি নিয়ে যাবে। ক্লাসের ইনভিজিলেটরের কাছে ভালভাবে বুঝে নিয়ে শুরু করতে হবে। নচেৎ ভুল হতে পারে। OMR ভুল হলে নতুন OMR সরবরাহ করা হবে না। তাই খুব সতর্কতার সঙ্গে OMR পূরণ করতে হবে।
- ২) চার সংখ্যা বিশিষ্ট রেজিস্ট্রেশন কোড ও চার সংখ্যা বিশিষ্ট Number (নং) লেখা অভ্যাস করার জন্য পরীক্ষার আগে অ্যাডমিট কার্ডের সঙ্গে OMR এর নমুনা দেওয়া হয়েছে। মনে রাখতে হবে OMR মূল্যায়নের সব কাজ কম্পিউটারের মাধ্যমে হবে, মানুষের দ্বারা নয়। ভুল ক্লাস বা ভুল রোল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩) অভীক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকা সকলকে নজর রাখতে হবে এই শিটে কোন ভাঁজ বা কোন রকম দাগ না পড়ে।
- ৪) OMR পূরণের সময় কালো বা নীল বল পেন ব্যবহার করতে হবে। জেল পেন বা পেনসিলে নয়। হোয়াইটনার ব্যবহার করা যাবে না। সঠিক উত্তরের অপশনটির গোল ফাঁকা জায়গাটি পেন দিয়ে ভরাট করতে হবে, অন্য কোন রকম চিহ্ন (✓/ বা অন্য কিছু) দিলে হবে না। ভরাট করার সময় অতিরিক্ত চাপ দেবার দরকার নেই। কাগজ ফুটো হয়ে যেতে পারে।
- ৫) প্রতি প্রশ্নের উত্তর A, B, C, D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।
- ৬) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে। প্রশ্ন থাকবে 1, 2, 3 থেকে শুরু করে 50 পর্যন্ত।
- ৭) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।
- ৮) OMR এ নাম রোল সহ অন্যান্য কাজ করার জন্য সময় ১২টা থেকে ১২টা ১০ মিনিট। পরীক্ষা শেষ হবে ১টা ৪০ মিনিটে।
- ৯) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

### GROUP - A




1. বর্তমানে আমরা কেবল আফ্রিকার গভীর জঙ্গলেই বসবাস করি, আমাদেরকে তোমাদের পূর্বসূরী বলেই ধরা হয়, আমরাও স্তন্যপায়ী বৃষ্টিতেও তোমাদের পরেই আমাদের স্থান, দেখতো আমাদের চেনো কি না?
  - A) শিম্পাঞ্জী
  - B) বানর
  - C) বাঘ
  - D) গরিলা।
2. কৃষিতে নীচের কোন সারাটি ব্যবহার করা ভালো—
  - A) ইউরিয়া
  - B) অ্যামোনিয়াম সালফেট
  - C) গোবর সার
  - D) ম্যালাথিয়ন।
3. গাছে পরাগ মিলন না হলে যে ঘটনাটি ঘটা সম্ভব নয়?
  - A) বীজ বিহীন ফল উৎপন্ন হওয়া।
  - B) বীজ যুক্ত ফল উৎপন্ন হওয়া।
  - C) গাছটির অকাল মৃত্যু।
  - D) ঐ গাছ থেকে অক্সিজেন পাওয়া।
4. তোমরা তোমাদের বৃকে হাত রাখলে যে আওয়াজটি অনুভব করো—একটু জোরে ছুটে আসলে তা আরো জোরে হয়, কি কারণে এটা ঘটে বলে তোমার মনে হয়?
  - A) জোরে ছুটলে হাঁপিয়ে যাই, তাই।
  - B) মধ্যচ্ছদা বার বার ওপরে নীচে উঠা নামা করার জন্য।
  - C) শরীরে অক্সিজেনের ঘাটতি হওয়ায় হৃৎপিণ্ডের সক্রিয়তা বেড়ে যায়।
  - D) ওপরের সব গুলি।
5. পরিযায়ী পাখিরা যে কারণে নিজের এলাকা ছেড়ে বহুদূর দূর পরিভ্রমণ করে সাময়িক ভাবে বাসস্থানে গড়ে তোলে তা হল—
  - A) অত্যধিক শীতের কারণে অপেক্ষাকৃত কম কম-শীতযুক্ত অঞ্চলের দিকে তারা সাময়িক বাসা বাঁধে।
  - B) প্রচণ্ড শীতে খাদ্যের সমস্যা দেখা দেওয়ায় পর্যাপ্ত পরিমাণ খাদ্য আছে এরকম জায়গায় তারা পরিভ্রমণ করে।
  - C) প্রচণ্ড শীতে বংশবিস্তারের অনুকূল পরিবেশ না থাকায় তারা পরিযান করে।
  - D) ওপরের সবগুলি।
6. তোমরা বাড়িতে দেখেছো দই তৈরী করার জন্য মা-কাকিমারা একটু দই-এ দুধ ঢেলেদেন। ঐ দইটিকে বলা হয় সাজা। ঐ সাজাতে আসলে কি থাকে?
  - A) ব্যাকটেরিয়া
  - B) ভাইরাস
  - C) ছত্রাক
  - D) কোনটিই নয়।

## VI(২)

7. নীচের শূন্যস্থানে কোন প্রাণীর নামটি লেখা যেতে পারে—  
ঘাস → ফড়িং → ব্যাং → \_\_\_\_\_ → ময়ূর  
A) পেঁচা B) সাপ C) শৃগাল D) খরগোস।
8. নীচের কোনটি তরল ধাতু—  
A) তামা B) লোহা C) পারদ D) সোনা।
9. সাবিনার বাবা অফিস থেকে ফিরলে ওর মা লুচি ভাজার জন্য প্রথমে জল ঢেলে ময়দা মাখল, তারপর সেগুলি কে গোল গোল করে লেচি বানালো, সাবিনা লেচিগুলি বেলনাদিয়ে বেলে লুচি বানালো এরপর ওর মা সেগুলি তেলে ভাজলো এই পরপর ঘটনাগুলি নীচে দেওয়া হল, এর মধ্যে কোনটি সঠিক নয়—  
A) ময়দায় জল ঢেলে মাখানো হল — উভমুখি ঘটনা B) মাখানো ময়দা থেকে লেচি বানানো হল — উভমুখি ঘটনা  
C) লেচি থেকে লুচি বেলা হল — উভমুখি ঘটনা D) বেলা লুচি গুলি তেলে ভাজা হল — একমুখি ঘটনা।
10. হিলিয়ামের চিহ্ন হল—  
A) H B) He C) Hl D) Hm
11. CNG -এর মুখ্য উপাদান হল—  
A) মিথেন B) প্রোপেন C) বিউটেন D) ইথিলিন।
12. মানুষের হাত যে শ্রেণীর লিভার—  
A) নততল B) প্রথম শ্রেণীর লিভার C) ২য় শ্রেণীর লিভার D) ৩য় শ্রেণীর লিভার।
13. নীচের কোনটি রাসায়নিক পরিবর্তন—  
A) গাছের পাতার রং পালটে যাওয়া B) কর্পূরের উবে যাওয়া  
C) লোহার চুম্বকে পরিণত হওয়া D) বরফগলে জল হওয়া।
14. একটি সমদ্বিবাহু ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7cm ও 3cm হলে তৃতীয় বাহুর দৈর্ঘ্য হবে—  
A) 3cm B) 5cm C) 6cm D) 7cm
15.  $56 * 1$  এই সংখ্যাটি \* চিহ্নিত স্থানে নীচের কোন সংখ্যাটি বসালে তা 3 দ্বারা বিভাজ্য হবে?  
A) 3 B) 6 C)  $\frac{9}{\sqrt{13^2 - (3^2 + 4^2)}}$  D) সবগুলি।
16. 1 অপেক্ষা বৃহত্তর 72 এর গুণনীয়ক এর সংখ্যা—  
A) 10 B) 11 C) 12 D) 13
17. -5 এর সাথে কত যোগ করলে 20 হবে—  
A) 15 B) -15 C) -25 D) 25
18.  $1.1 \div 0.1 = ?$   
A) 10 B) 1.01 C) 11 D) 1.1
19. একটি ত্রিভুজের দুটি কোণ যথাক্রমে  $50^\circ$  ও  $70^\circ$  হলে, বাহু ভেদে ত্রিভুজটি—  
A) সমবাহু B) সমদ্বিবাহু C) বিষমবাহু D) কোনটিই নয়।
20. একটি খলেতে একটাকা ও আধুলির সংখ্যার অনুপাত 3:4 হলে মোট টাকা ও মোট আধুলির মূল্যের অনুপাত হবে—  
A) 3:2 B) 3:8 C) 6:8 D) 3:4
21. একটি দ্রব্যের মূল্য প্রতিবছর দ্বিগুণ হয়। বর্তমান মূল্য 100 টাকা হলে 2030 সালে মূল্য হবে—  
A) 3200 টাকা B) 1600 টাকা C) 6400 টাকা D) 1200 টাকা।
22. কোন জিনিসের ওপর 20% দাম বেশী রেখে বিক্রয় করার সময় 20% ছাড় দিলে মোটের ওপর কত লাভ বা ক্ষতি হবে?  
A) 4 % ক্ষতি B) 4 % লাভ C) 0 % ক্ষতি D) 20 % লাভ।
23. x ও y ধনাত্মক সংখ্যা এবং  $x > y$  হলে নীচের কোনটি সত্য—  
A)  $-x > -y$  B)  $x > -y$  C)  $x < -y$  D)  $-x > y$
24. এর মান কত?  
A) 11 B)  $12^2$  C) 12 D) 25
25. পঞ্চভুজ ভূমি বিশিষ্ট পিরামিডের ত্রিভুজ আকৃতি পার্শ্বতলের সংখ্যা হল—  
A) 5 টি B) 6 টি C) 4 টি D) 7 টি।
26. তোমার ও তোমার পিতার বয়সের গড় বর্তমানে 20 বছর হলে 5 বছর পরে তোমাদের বয়সের গড় কত হবে?  
A) 25 বছর B) 30 বছর C) 100 বছর D) 50 বছর

## VI (৩)

27. নীচের প্রশ্নবোধক চিহ্ন স্থানে কোন সংখ্যা হবে?



A) IX

B) 9

C) 21

D) 12

28. পাশের শূণ্যস্থানে কোন সংখ্যা বসবে? — 1, 3, 6, 9 \_\_\_\_\_, 15, 18

A) 11

B) 12

C) 13

D) কোনটিই নয়।

29. কিছু গাছের পাতা শীত বা বসন্ত কালে এক সঙ্গে ঝরে পড়ে, এর কারণ নীচের কোনটি?

A) শীতকালের শুকনো বাতাস সহ্য করতে পারে না তাই

B) শীতকালে জলের অভাব থাকায় পাতার মধ্যে দিয়ে বাষ্পমোচনের মাধ্যমে যেন অতিরিক্ত জল বেরিয়ে না যায়

C) শীত কালে গাছের ছায়া কোন প্রাণীর দরকার হয় না

D) শীত কালে যে সব গাছে ফলমূল হয় না তাদের পাতা ঝরে যায়।

30. তুমি তোমার বাবার সঙ্গে কোলকাতায় যাবে বলে গ্রাম থেকে স্টেশনে এসেছো, এবং দেখলে তোমার বাবা ট্রেনের যে টিকিট সংগ্রহ করেছে সেখানে ট্রেন ছাড়ার সময় লেখা আছে 16:00 pm তাহলে নীচের কোন সময় অনুসারে তোমাদের ট্রেনটি ছাড়বে?

A) 4.00 pm

B) 4.00 am

C) 6.00 pm

D) 6.00 am

## GROUP - B

31. “খন ধান্য পুষ্প ভরা আমাদের এই বসুন্ধরা তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা”—এই পংক্তিটি কার রচনা—

A) রবীন্দ্রনাথ ঠাকুর

B) দ্বিজেন্দ্রলাল রায়

C) অতুলপ্রসাদ সেন

D) রজনীকান্ত সেন।

32. বঙ্গ-ভঙ্গর সময় যে আন্দোলন বাংলায় শুরু হয়েছিল, সেই সময় কার নেতৃত্বে মুর্শিদাবাদের কান্দীতে একদিন ‘অরন্ধন’ পালিত হয়েছিল?

A) বিবেকানন্দ

B) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

C) মোস্তাফা লিরাজ

D) রবীন্দ্রনাথ ঠাকুর।

33. 2024 সালে T-20 বিশ্বকাপ ক্রিকেটে কোন দেশ বিজয়ী হয়েছে?

A) ইংল্যান্ড

B) দক্ষিণ আফ্রিকা

C) ভারত

D) অস্ট্রেলিয়া।

34. কোনদিনটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস—

A) ২১ মার্চ

B) ২১ সেপ্টেম্বর

C) ২১ ফেব্রুয়ারী

D) ২১ জুন।

35. বর্তমানে কোন পাখিটি বিলুপ্ত প্রায় প্রজাতি?

A) রাঁজহাঁস

B) বালিহাঁস

C) পাতিহাঁস

D) সবগুলি।

36. প্রাকৃতিক স্পঞ্জ কোন গাছকে বলা হয়?

A) বটগাছ

B) শালগাছ

C) সেগুনগাছ

D) আকাশ মনি গাছ।

37. নীচের কোনটি অন্যদের থেকে আলাদা— রবীন্দ্রনাথ, মাইকেল, জগদীশচন্দ্র, শরৎচন্দ্র

A) রবীন্দ্রনাথ

B) মাইকেল

C) জগদীশচন্দ্র

D) শরৎচন্দ্র।

38. পশ্চিমবঙ্গের দুর্গাপুর, আসানশোল প্রভৃতি জেলাগুলিতে বিকালের দিকে রাস্তায় বেরোলে প্রায় চোখ জ্বালা করে। এর জন্য নীচের কোন কারণটি সঠিক বলে তুমি মনে করো—

A) ওখানে প্রচুর দোকানে বিকালে উনুন ধরিয়ে রান্না করে।

B) ঐ জেলাগুলিতে প্রচুর মানুষের বাস।

C) ওখানে প্রচুর কলকারখানা থাকায় এবং কয়লাখনি থাকায় বাতাসে ধোঁয়া, ধুলির ইত্যাদির পরিমাণ বেশী থাকে।

D) বিকালে ওখানে গরম হাওয়া বয়।

39. পশ্চিমবঙ্গের কোন জেলায় গরমকালে শীতের পোষাক ব্যবহৃত হয়?

A) দার্জিলিং

B) শিলিগুড়ি

C) মালদা

D) বালুরঘাট।

40. কোন তিনটি রং হল প্রাথমিক রং—

A) লাল, হলুদ, নীল

B) লাল, হলুদ, সবুজ

C) নীল, কালো, কমলা

D) লাল, হলুদ, সাদা।

## GROUP - C

41. তুমি যদি জানতে পারো কোন জঙ্গলে কোন শিলাখন্ডের আবির্ভাব হয়েছে এবং গ্রামের লোক দলে দলে সেখানে নৈবেদ্য সাজিয়ে দেবতার পূজো দিতে যাচ্ছে এক্ষেত্রে তোমার ভূমিকা কি হবে?

A) আমিও সবার সঙ্গে পূজোর আনন্দ ভাগ করে নেব।

B) আমি প্রথমে আমার সহপাঠীদের বলব এবং তাদের নিয়ে গ্রামের লোকজনদের বোঝাব ওখানে সকলের পূজো দেওয়া উচিত।

C) আমি প্রথমে জানব শিলাখন্ডের উৎপত্তির প্রকৃত কারণ তারপর গ্রামের লোকদের বোঝাব এভাবে দেবতা আসে না।

D) আমি ঐ শিলাখন্ড জঙ্গল থেকে গ্রামে এনে পূজোর ব্যবস্থা করব।

## VI(8)

42. স্কুলের মাঠে টিফিনে খেলার সময় তোমাদের কোন বন্ধুকে যদি সাপে কামড়ায় তাহলে তোমাদের কর্তব্য কি হবে?
- A) আমরা প্রথমেই ওকে কাছাকাছি স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়ার ব্যবস্থা করব।  
 B) প্রথমে ওবাকে ডাকব।  
 C) সবাই মিলে ওকে নিমপাতা খাওয়াবো।  
 D) যেখানে সাপে কামড়েছে সেখান থেকে মুখ দিয়ে টেনে বিষ বার করে নেব।
43. পৃথা ষষ্ঠ শ্রেণীতে পড়ে, ও অঙ্কে খুবই দুর্বল - কোনওদিনই ত্রিশ (30) এর বেশী পায় না, 100 নম্বরের মধ্যে। তাই ওর মা ওর জন্য একটি রক্ষা কবজ বানিয়ে দিয়েছে যেটা নাকি পরে পরীক্ষা দিলে অঙ্কে ভালো নম্বর পাবে। এক্ষেত্রে পৃথার ভূমিকা কি হওয়া উচিত?
- A) মা দিয়েছে বলেই কবজটা পৃথার পরে নেওয়া উচিত।  
 B) পৃথার উচিত ওর মাকে বোঝানো যে, কবজ পড়ে কেউ অঙ্কে বেশী নম্বর পায় না বরং ভালো করে অঙ্ক অভ্যাস করতে হবে।  
 C) পৃথার উচিত সবসময় কবজ যত্ন করে হাতে বেঁধে রাখা।  
 D) পৃথার উচিত কবজের সঙ্গে একটি মাদুলীও গলায় ঝোলানো।
44. তুমি দেখলে যে তোমার মা বাড়ির বিভিন্ন আবর্জনা সহ প্রতিদিনের পূজার ফুল ও অন্যান্য সামগ্রী তোমাদের বাড়ির পাশের পুকুরেই ফেলে দিচ্ছে, তাহলে এক্ষেত্রে তোমার কর্তব্য কি হবে?
- A) মা যখন ফেলছে, এক্ষেত্রে তোমার কোন দায় নাই।  
 B) মাকে তোমার বোঝান উচিত, যাতে পুকুরে বর্জ্য পদার্থ না ফেলে।  
 C) সমস্ত বর্জ্য পদার্থগুলি একসঙ্গে একটি পলিথিনে ভরে রাস্তায় ফেলতে বলা।  
 D) বর্জ্য পদার্থগুলি পুকুরে না ফেলে কোন নদীতে ফেলতে বলা।
45. নীচের কোন তথ্যটি তোমার ভুল বলে মনে হয়?
- A) জন্ডিস হলে একটি হলুদ কাপড় গলায় জড়ানো উচিত। B) বালিহাঁস, ডাউক ইত্যাদি পাখির মাংস খাওয়া উচিত নয়।  
 C) রাস্তার ধারে অবস্থিত বড় বৃক্ষগুলি কাটা উচিত নয়। D) পুকুর ভরাট করে বাড়ি করা উচিত নয়।
46. বর্তমানে শহরে বিভিন্ন জায়গায় উঁচু উঁচু পোস্টে একসঙ্গে অনেক আলো জ্বালানো হয়। এই লাইট কেন বন্ধ কার উচিত?
- A) অনেক দূরে থাকে বলে রাস্তা ভালো দেখা যায় না।  
 B) অনেক আলো একসঙ্গে থাকায় প্রচুর বিদ্যুতের খরচ লাগে।  
 C) ঝড়ে উঁচু পোস্ট পরে লোকের ক্ষতি হতে পারে।  
 D) অনেক উঁচুতে সারারাত আলোগুলি জ্বলে থাকায় বৃক্ষবাসী পাখী বা প্রাণীদের ঘুমের ব্যাঘাত ঘটে ফলে বাস্তুতন্ত্র বিপন্ন হয়।
47. ডিম খেয়ে পরীক্ষা দিতে যাওয়া ঘোর অমঙ্গল। এই ধারণার পক্ষে বা বিপক্ষে নিচের কোন বিবৃতি সঠিক?
- A) ডিম গোল বলে পরীক্ষায় শূণ্য পাওয়ার আশঙ্কা থাকে।  
 B) ডিম খেয়ে পরীক্ষা দিলে অস্থল হয়ে মাথা ঘুরতে পারে।  
 C) ডিম অন্যান্য খাদ্যের মতো একটি স্বাভাবিক প্রোটিন সমৃদ্ধ খাবার। তাই পরীক্ষা ভালো মন্দের সঙ্গে এর কোন সম্পর্ক নাই।  
 D) ডিম খুব অপয়া। পরীক্ষার সময় অপয়া কিছু পরিত্যাগ করা উচিত।
48. গ্রহণের সময় খাওয়া ক্ষতিকর। এই মতের পক্ষে বা বিপক্ষে নিচের কোন বিবৃতি সঠিক?
- A) গ্রহণের সময় জীবাণুরা সক্রিয় থাকে।  
 B) গ্রহণের সময় খেলে ভালো হজম হয় না।  
 C) গ্রহণের সময় রান্না করলে খাবারে গ্রহণ লেগে যায় এবং সেই খাবার খেলে মানুষের মৃত্যু পর্যন্ত হতে পারে তাই তা খাওয়া উচিত নয়।  
 D) গ্রহণ হল চন্দ্র বা পৃথিবীর ছায়া, যার জন্য সাময়িক ভাবে চন্দ্র বা সূর্য কে দেখা যায় না এর সঙ্গে খাদ্য খাদকের কোন সম্পর্ক নাই।
49. সুস্বাস্থ্যের জন্য কোনটি করা যাবে না?
- A) সব সময় তাজা শাক সজ্জি ফল খেতে হবে।  
 B) খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে দুহাত ভালো করে ধুতে হবে।  
 C) দিনে অন্তত একবার বার্গার, পিৎজা বা প্যাটিস খেতে হবে।  
 D) রাস্তায় থাকা কাটা ফল বা দীর্ঘক্ষণ খোলা থাকা কোন খাদ্য খাওয়া যাবে না।
50. নিজের যুক্তিবোধ দিয়ে বিচার করো কোনটি সঠিক—
- A) নিজে ভালো থাকাই একমাত্র লক্ষ্য হওয়া উচিত।  
 B) নিজে এবং পরিবারের সকলকে নিয়ে সুখে থাকার চেষ্টা করা দরকার।  
 C) নিজের পরিবার এবং বন্ধু-বান্ধবদের সঙ্গে সব সময় আনন্দ ফুটিতে থাকা উচিত দেশের ও দশের কথা না ভেবে।  
 D) নিজের কথা বেশী না ভেবে দেশ ও সমাজের জন্য নিজেকে নিয়োজিত করা শ্রেয়।